



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/22/2022

গভর্নর ক্যাথি হোকল

নিউ ইয়র্ক স্টেটের পুলিশ কল্যাণ সমিতির সাথে গভর্নর হোকলের 4-বছর মেয়াদী শ্রম চুক্তি সম্পন্ন হওয়ার ঘোষণা

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে তার প্রশাসন নিউ ইয়র্ক স্টেটের পুলিশ কল্যাণ সমিতির (Police Benevolent Association of New York State) সাথে 31 মার্চ, 2023 তারিখ পর্যন্ত 4 বছর মেয়াদী একটি কন্ট্রাক্ট চুক্তি সম্পন্ন করেছে যা ইউনিয়নের সদস্যতা দ্বারা অনুমোদিত হয়েছে।

"নিউ ইয়র্ক স্টেটের পুলিশ কল্যাণ সমিতির সাহসী পুরুষ ও মহিলাদের সাথে আমাদের একটি কন্ট্রাক্ট চুক্তি সম্পন্ন হওয়ায় আমরা আনন্দিত," বলেছেন গভর্নর হোকল। "আমরা কৃতজ্ঞ যে এসব পেশাজীবী নিত্যদিন নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখতে সামনের সারিতে কাজ করে যাচ্ছেন, এবং এই চুক্তির শর্তাবলী এই ব্যাপারে আমাদের স্বীকৃতির প্রমাণ যে এগুলো অত্যন্ত মূল্যবান, গুরুত্বপূর্ণ কাজ।"

PBANYS-এর প্রেসিডেন্ট ও পার্ক পুলিশ সার্জেন্টস ডিরেক্টর ম্যানি ভিলার বলেন, "আমাদের আনুমানিক 1,200 সদস্যের পক্ষ থেকে নিউ ইয়র্ক স্টেটের পুলিশ কল্যাণ সমিতি আমাদের সদস্যদের সাথে একটি কন্ট্রাক্ট সম্পন্ন করায় তার নেতৃত্বের জন্য গভর্নর হোকলের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছে। আমরা আত্মবিশ্বাসী যে নিউ ইয়র্ক স্টেটের সবচেয়ে বৈচিত্র্যপূর্ণ ও যোগ্য অফিসারদের নিয়োগ প্রদান ও ধরে রাখার জন্য আমাদের সদস্যদেরকে তাদের প্রয়োজনীয় বেতন-ভাতা ও স্বীকৃতি প্রদানের জন্য আমাদের কাজ অব্যাহত রাখার এই সময়ে গভর্নর হোকলের প্রশাসনের সাথে হওয়া এই চুক্তি ভবিষ্যতের জন্য একটি ইতিবাচক লক্ষণ।"

এই কন্ট্রাক্টে, যেখানে পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation), পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation) ও স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York)-এ দায়িত্ব পালনকারী পুলিশ কর্মকর্তাদের অন্তর্ভুক্ত করা হয়েছে, অন্যান্য স্থায়ী স্টেট কর্মচারীদের সাথে সঙ্গতি রক্ষা করে চুক্তির প্রত্যেক বছরের জন্য প্রতি বছর 2 শতাংশ করে বেতন বৃদ্ধির নিয়ম রাখা হয়েছে। এছাড়াও এই কন্ট্রাক্টে তাদের কর্মস্থলের দায়িত্ব ও কর্তব্য এবং সামষ্টিক সমঝোতা চুক্তির পরিবর্তনগুলোর সাথে সঙ্গতি রক্ষা করে বেতন-ভাতার ক্ষেত্রে অন্যান্য পরিবর্তন অন্তর্ভুক্ত করা হয়েছে। এই চুক্তি 160টিরও বেশি ক্ষেত্র ও অন্যান্য মামলার নিষ্পত্তি করেছে, এবং প্রশিক্ষণ ও কর্মচারীদের বেনিফিট সংক্রান্ত কর্মসূচিগুলোর জন্য যৌথ শ্রম-ব্যবস্থাপনার তহবিল

বৃদ্ধি করেছে। এছাড়াও পক্ষদ্বয় প্রযুক্তি, দেহে পরিধানযোগ্য ক্যামেরা, ও সময়সূচি সংক্রান্ত নীতিমালা নিয়েও সম্মতিতে পৌঁছেছে। এই ইউনিটের জন্য এর আগে স্বাস্থ্য বিমা ও ওভারটাইম সংক্রান্ত পরিবর্তনগুলো বাস্তবায়ন করা হয়েছিল।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)